



ভারতে ফ্যাসিবাদীদের বক্তব্য বাংলাদেশের জন্য উদ্বেগের: শামা ওবায়েদ



পররাষ্ট্রপ্রতিমন্ত্রী শামা ওবায়েদ। ছবি: সংগৃহীত

ভারতের ভূখণ্ড থেকে স্বৈরাচার ও ফ্যাসিবাদী ব্যক্তিদের প্রকাশ্যে বক্তব্য দেওয়ার সুযোগ পাওয়া বাংলাদেশের জন্য উদ্বেগজনক বলে মন্তব্য করেছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ।

বৃহস্পতিবার (৬ আগস্ট) সন্ধ্যায় পররাষ্ট্র মন্ত্রণালয়ে আয়োজিত এক ব্রিফিংয়ে তিনি এ মন্তব্য করেন।

শামা ওবায়েদ বলেন, বাংলাদেশ ও ভারতের সম্পর্ক বহুমাত্রিক এবং বিভিন্ন বিষয়ে দুই দেশের মধ্যে আলোচনা অব্যাহত থাকবে। তবে যেসব বিষয় জুলাই আন্দোলনের অংশগ্রহণকারী ও বাংলাদেশের মানুষের অনুভূতিতে আঘাত হানে, সেসব বিষয়ে ভারত সরকারকে আরও সতর্ক থাকার প্রয়োজন রয়েছে।

ব্রিফিংয়ে তিনি আরও জানান, ব্রিকসে বাংলাদেশ যোগ দেবে কি না, সে বিষয়ে এখনো কোনো চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি। বিষয়টি সরকারের নীতিগত ও কৌশলগত বিবেচনার ওপর নির্ভর করছে এবং উপযুক্ত সময়ে এ বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে।